উ
15 ট- 07254

10784

তারিখ বাংলা ১৪১৪ সনের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ -
পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ

কোবালা দাতা ঃ
শ্রী শঙ্কর কুমার ঘোষ

# সাফ বিক্রয় কোবালা

মুসাবিদাকারক
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

007057

Additional District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
20 DEC 2007

মূল্য ঃ ১৫,৭৫,০০০ (পনের লক্ষ পঁচাত্তর হাজার) টাকা পণ মূল্যের নিঃস্বত্ব

## সাফ বিক্রয় কোবালা পত্র

কোবালা গ্রহীতা ঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫, এস. এন. ব্যানার্জ্জী রোড, থানা - তালতলা, কোলকাতা- ৭০০ ০১৪।

Sankarkumar Ghosh

কোবালা দাতা ঃ শ্রী শঙ্কর কুমার ঘোষ, পিতা - স্বর্গীয় কৃষ্ণপদ ঘোষ, জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - চাকুরী, সাকিন - ২০বি, পটারী রোড, থানা - এন্টালী, কোলকাতা- ৭০০ ০১৫।

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় কমবেশী ৫ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩(তিন)কাঠা শালি জমি মায় যাতায়াতের সর্ব্ব প্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ন নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য উত্তম স্বত্বের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, ১৭৮ নং তৌজি ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল (আর. এস.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত হাল আর. এস. ৩০৮৩ নং দাগে জমি সহ আরোও অন্যান্য জমি সহ ১৯৬৯ সালে আলিপুর দ্বিতীয় সাব জজ আদালতে ১২২ নং দেওয়ানী মোকর্দ্দমা আরম্ভ হয়। উক্ত মোকর্দ্দমায় বাদী পক্ষ শ্রী কালী চরণ ঘোষ এবং বিবাদী পক্ষ রথীন্দ্র নাথ ঘোষ, প্রসাদ কুমার ঘোষ, যতীন্দ্র নাথ ঘোষ, রহিত কুমার ঘোষ দীগর হইতেছেন। উক্ত মোকর্দ্দমা উক্ত কালী চরণ ঘোষ ও রবীন্দ্র নাথ ঘোষ দীগের সহিত

R. Chakraborty
Advocate
W. B. Hon'ble ...

Sankar Kumar Ghosh

চলাকালীন বাদী ও বিবাদী পক্ষগণ পরবর্ত্তী কালে একমত হইয়া পঞ্চজন ভদ্রা ভদ্র ব্যক্তির মধ্যস্থতায় উক্ত মামলা মধ্যস্থ করিতে বা আপোষে মীমাংসা করিতে লইতে সম্মত হয়। উভয় পক্ষের সম্মতি ক্রমে ও পঞ্চজন ভদ্রাভদ্রের মধ্যস্থায় উক্ত সম্পত্তি সংক্রান্ত বিগত ইংরাজী ১৯/১/১৯৭০ তারিখে দুই নং অর্ডার মূলে ডিস মিস হইয়া যায় এবং উক্ত দাগের সম্পত্তি সহ অন্যান্য দাগের সম্পত্তি আদালতের রায় অনুসারে প্রত্যেকেত প্রাপ্ত হয়েন। যাহা বাদী ও বিবাদী পক্ষদ্বয়ের মধ্যে সকল ব্যক্তিগণ তাহা মানিয়া লইয়া সহি সম্পাদন করেন। সেমতে উক্ত সম্পত্তির মধ্যে উক্ত হাস ৩০৮৩ নং দাগে (৬) তপশীলে বর্ণিত ৬০ শতক শালি জমির মধ্যে ৩০ শতক শালি জমি উক্ত যতীন্দ্র নাথ ঘোষ প্রাপ্ত হয়েন। উক্ত যতীন্দ্র নাথ ঘোষ তাহার উক্ত জমি ষোলে নামায় মীমাংসা অনুসারে প্রাপ্ত হইয়া মালিক সরকারে করাদি আদায় দিয়া পরম সুখে ভোগবান ও দখলীকার থাকা অবস্থায় বর্তমান এল. আর. জরিপে ১৫৮১ নং খতিয়ান উক্ত হাল ৩০৮৩ নং দাগে ৬০ শতক শালি জমির মধ্যে ৩০ শতক শালি জমি সহ অন্যান্য দাগের জমিজমা রেকর্ড লিপিবদ্ধ হয়। অতঃপর উক্ত যতীন্দ্র নাথ ঘোষ মহাশয় বিগত ইংরাজী ১৬ই আগষ্ট, ২০০২ তারিখে পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত উক্ত সম্পত্তি উক্ত সুশীলা ঘোষ তাহার স্ত্রী বিধায় স্বামীর ওয়ারিশান সূত্রে একাই প্রাপ্ত হইয়া মালিক সরকারে করাদি আদায় দিয়া বিগত ইংরাজী ২০০৫ সালে ৩০শে জুন তারিখে এককেতা সাফ কোবালা দলিল মূলে উক্ত শ্রীমতী সুশীলা ঘোষ আমাকে অত্র বিক্রেতা শঙ্কর কুমার ঘোষকে উক্ত আর. এস. ৩০৮৩ নং দাগে ৩০ শতকের মধ্যে ৫ শতক বা বাংলা মাপে কমবেশী ৩(তিন) কাঠা শালি জমি বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি

H. Chakraborty
Kanungo
B. Housing Anara

Sankar kumar Ghosh

হইতে চিরনিঃস্বত্ব হয়েন। যাহা এ. ডি. এস. আর. বিধাননগর মোকামে ১নং বহির ২৬৭ নং ভল্যুমে ১৭০ থেকে ১৮৫ নং পাতায় ২০০৫ সালে ৪৩৮১ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে। যাহা দান বিক্রয় বিলি বন্দোবস্ত ইত্যাদি সমস্ত রকম হস্তান্তর করিবার ক্ষমতা আমার বিত্তমান।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমার খরিদা নিম্ন তপশীল ভুক্ত কমবেশী ৫ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩(তিন)কাঠা শালি জমি যাহা আমার আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে মায় পণ মূল্যে কাঠা প্রতি ৫,২৫,০০০ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট **১৫,৭৫,০০০ (পনের লক্ষ পঁচাত্তর হাজার) টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ৫ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩(তিন)কাঠা শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব

K. Chakraborty
Kanungo
B. Housing Board

ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - কে সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি প্রদান পূর্ব্বক বিক্রয়, বিলি, বন্টন, পত্তনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্যুঢ় স্বত্বে ভোগ দখল করিকে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লাভ লভ্য সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নির্ব্যুঢ় স্বত্বে বর্তাইল ও অর্শিল।

যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশানগণ অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহারো নিকট কোন প্রকার, দান, বিক্রয়, বিলি, পত্তনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোন কারনে কোন অফিস আদালতে বার্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কার্য্যের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি বা

Sankar Kumar Ghosh

K. Chakraborty
Kanungo
W.B. Housing Board

Saikat Kumar Ghosh

কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোন প্রকার ইনজাংশান জারি হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনামদার করি নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী বা খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্ব প্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী বা দন্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণ সহ পণমূল্য সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাশ মতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশ গণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলের ভবিষ্যতে যদি কোন ভুল ভ্রান্তি, ত্রুটি দৃষ্ট হয়

A. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

Sankar Kumar Ghosh.

বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার খরচায় আপনার তলবে উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভাড়া বাঁধা, মন্ডপ নির্মাণ এবং উপর বা নিচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিকাশী ড্রেন, গ্যাসের পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারো কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের সমুদয় টাকা সাক্ষীগণের সম্মুখে গ্রহণ করতঃ এবং অত্র দলিলের সম্যক বিষয় বস্তু সম্পূর্ণ রূপে অবগত হইয়া, স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৪ সালের ৩৮ পৌষ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

Chakraborti
B. Housing

Sankarkumar Ghosh

## তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, ১৭৮ নং তৌজি ভুক্ত জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট হাল (আর. এস.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত জমিজমার মধ্যে বর্তমান এল. আর. জরিপে অধুনামৃত যতীন্দ্র নাথ ঘোষের নাম বরাবর ১৫৮১ নং খতিয়ানে রেকর্ড ভুক্ত জমিজমার মধ্যে ঃ -

সাবেক (সি. এস.) ২৮৭৪ নং হাল (আর. এস.) ৩০৮৩ নং দাগে আমার খরিদা কমবেশী ৫ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩(তিন)কাঠা শালী জমি মায় চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা জ্যাংড়া হাতিয়াড়া ২ নং গ্রাম পঞ্চায়েতেরে অধীন। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে সন সন প্রদেয়। অত্র সংলগ্ন নকসায় লাল রঙের রেখাপ দ্বারা চিহ্নিত ও সীমানকৃত। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

- : যাহার চৌহদ্দি : -

উত্তরে ঃ হাল আর. এস. ৩০৭৫ নং দাগ।
দক্ষিনেঃ যতীন্দ্র নাথ ঘোষ।
পূর্বে ঃ তারাপদ ঘোষ।
পশ্চিমে ঃ রোহিত কুমার ঘোষ।

W. B. Housing Board
S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

Sankar Kumar Ghosh

## টাকার জায়

১) ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭। ১৪,০০,০০০.০০
যাহার নং - ৫৬০০০৪

তাং ১৩/১২/০৭

২) নগদে ৪০০০ টাকা, ৩০০, টি ৫০০ নোট ১৭৫ টাকা ১,৭৫,০০০.০০

মোটঃ ১৫,৭৫,০০০.০০ টাকা

(মবলগে আমি শ্রী শঙ্কর কুমার ঘোষ ব্যাঙ্ক পে-অর্ডার ও নগদে মোট পনের লক্ষ পঁচাত্তর হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ -

১) [illegible] [illegible]
গ্রাম+পোঃ- [illegible]
থানা- [illegible]
জেঃ- উত্তর ২৪পরগণা

২) [illegible]
গ্রাম+পোঃ [illegible]

Sankar kumar Ghosh
শ্রী শঙ্কর কুমার ঘোষ

মুসাবিদাকারক :-
Debasish De
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
হাইকোর্ট, কলিকাতা।

On behalf of West Bengal Housing Board.
Swapan Kumar Chakraborty
S. K. [illegible]
Kanungo
W. B. Housing Board

টাইপকারক :-
Nityendra Guha
গুহ টাইপ চেম্বার
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা- ৭০০ ০০১।

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Bd.

(15)

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS

Shankar Ghosh



Sankar Kumar Ghosh

LH.

RH.

ATTESTED :- Sankar Kumar Ghosh



Smpan Kumar Chakraborty

O. K. Chakra...

Kanungo

C. E. Housing Boar...

LH.

RH.

ATTESTED :- Smpan Kumar Chakraborty

PHOTO

LH.

RH.

ATTESTED :-

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07254 of :2007
(Serial No. 10764, 2007)

---

On 20/12/2007

Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))

Presented for registration at 18.35 on :20/12/2007,at the Private residence by S K Chakroborty,Claimant.

Admission of Execution(Under Section 58)

Execution is admitted on :20/12/2007 by
1. Sankar Kumar Ghosh, son of Late Krishna Pada Ghosh,20 B , Pottery Road,,Thana Entali,Pin 700015, By caste Hindu,by Profession :Service
2. S K Chakroborty,,,West Bengal Housing Board,105, S N Banerjee Road,Kolkata- 700014,Kolkata- 700014, profession :Service

Identified By Sanjay Baral, son of . Vill+ P.o- Gouranganagar Dist:- North 24 Parganas Thana: Rajarhat, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

On 26/12/2007

Admissibility(Rule 43)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

Payment of Fees:

Fee Paid in rupees under article : A(1) = 17314/- on:26/12/2007

Certificate of Market Value(WB PUVI rules 1999)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-1575000/-

Certified that the required stamp duty of this document is Rs 78750 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

---

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07254 of :2007
(Serial No. 10764, 2007)

---

Deficit stamp duty

Deficit stamp duty : Rs 73900/- is paid by the draft no. :124131, Draft date:19/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

(15)

**SITE PLAN OF LAND. PART OF R. S. DAG NO.-3083..**
**R.S. KH.NO.- 1209 .. AT MOUZA - GHUNI.. J. L. NO.- 23..**
**UNDER- JYANGRA-HATIARA 2 NO. GRAM PANCHAYET..**
**P.S.-RAJARHAT.. DISTRICT -NORTH 24 PARGANAS..**

L.R. KH. No 1581


SCALE - N.T.S.

**AREA OF LAND -:0.05 DECIMEL**

N

**VENDEE**
WEST BENGAL
HOUSING BOARD.

**VENDOR**
SRI. SANKAR KUMAR GHOSH.




VENDOR'S SIGNATURE

DRAWN BY

MD. SARWARDI
VILL+P.O.- GHUNI
KOLKATA - 700059

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 6
Page from 5652 to 5666
being No 07254 for the year 2007.

(Nurul Amin Khan) 28-December-2007
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal

তারিখ বাংলা ১৪১৪ সালের ৫ই পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সনের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ

**পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ**

কোবালা দাতা ঃ

শ্রী শঙ্কর কুমার ঘোষ

# সাফ বিক্রয় কোবালা

শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।